RBI/2015-16/393
DCM (CC) No.G-10/3352/03.41.01/2015-16

মে 05, 2016

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক/
মুখ্য নির্বাহী আধিকারিক,
সকল ব্যাঙ্ক
মহাশয়া/ মাননীয় মহাশয়,

**সাধারণ জনগণের প্রতি গ্রাহক পরিষেবা প্রদানের ক্ষেত্রে প্রদর্শিত কর্মদক্ষতার ভিত্তিতে ব্যাঙ্ক শাখাগুলির জন্য মুদ্রা বিতরণ এবং বিনিময় যোজনা (সিডিইএস)**

অনুগ্রহ করে **"উৎসাহভাতা এবং দন্ডবিধান যোজনা- পুনর্বিবেচনা"**-র উপর আমাদের **মে 21, 2015 তারিখাঙ্কিত Circular DCM (CC) No.4846/03.41.01/2014-15** দেখুন৷

2. প্রাগুক্তানুসারে, উৎসাহভাতা এবং দন্ডবিধান যোজনাটি পুনর্বিবেচনা করা হয়েছে৷ পুনর্বিবেচনার ভিত্তিতে, এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উৎসাহভাতা যোজনাটিকে পৃথক করা হবে দন্ডবিধানের থেকে তৎসহ কিছু উৎসাহভাতা সম্পর্কিত ব্যবস্থার পরিবর্তনও করা হবে৷ তদনুসারে, একটি নতুন যোজনা- **"মুদ্রা বিতরণ এবং বিনিময় যোজনা (সি ডি ই এস)"** স্থির করা হয়েছে যার মধ্যে অন্তর্ভুক্ত আছে এবং যা তথ্য অবগতি এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণার্থে **সংযোজিত** করা আছে৷ উক্ত যোজনার শর্ত অনুসারে, প্রদর্শিত কর্মদক্ষতা ভিত্তিক উৎসাহভাতা প্রদান অব্যাহত থাকবে যথা জুলাই 01, 2015 থেকে অদ্যবধি প্রযোজ্য; যদিও, ক্যাশ রিসাইক্লার ও ছোট মূল্যমানের নোট প্রদান পরিষেবা দেওয়া এটিএম যন্ত্রের ক্ষেত্রে, নতুন যন্ত্র বসানোর জন্য উৎসাহভাতা প্রত্যেকটি যন্ত্র-পিছু ব্যয়ের একটি নির্দিষ্ট ঊর্ধসীমা পর্যন্ত ব্যয়পূর্তি (রিইমবার্সমেন্ট)-এর শর্ত অনুসারে সীমাবদ্ধ রাখা হয়েছে যা এই সারকুলারটির তারিখ থেকে প্রযোজ্য হবে৷

3. দন্ডবিধান সম্পর্কিত বিষয়াদি পুনর্বিবেচনা করা হচ্ছে৷ এই বিষয়টি যতক্ষণ বিবেচনাধীন পর্যায়ে রয়েছে, জরিমানা আদায় যেমনভাবে আমাদের **জুলাই 01, 2014 তারিখাঙ্কিত** দ্রষ্টব্য **Master Circular No. G-5/03.39.01/2014-15** অনুসারে জারিকৃত উৎসাহভাতা এবং দন্ডবিধান যোজনা-র অধীনে হয় তেমনভাবেই বলবৎ থাকবে৷

4. সারকুলারটি আমাদের ওয়েবসাইট **www.rbi.org.in - এ** পাওয়া যায়৷

আপনাদিগের বিশ্বস্ত

(পি. বিজয়া কুমার)

মুখ্য মহাপ্রবন্ধক

সংযোজিত: যেমন উল্লেখিত

**সংযোজনী**

**জনসাধারণকে গ্রাহক-পরিষেবা প্রদানে প্রদর্শিত কর্মদক্ষতার ভিত্তিতে কারেন্সি চেস্ট সহ ব্যাঙ্ক শাখাসমূহের জন্য "মুদ্রা বিতরণ এবং বিনিময় যোজনা (সিডিইএস)" সংক্রান্ত সারকুলার**

1. কারেন্সি চেস্ট সহ ব্যাঙ্ক শাখাসমূহের জন্য মুদ্রা বিতরণ এবং বিনিময় যোজনা (সিডিইএস) এই বিষয়টি নিশ্চিত করতে প্রনয়ন করা হয়েছে যাতে পরিচ্ছন্ন নোট নীতি(ক্লিন নোট পলিসি)-র সঙ্গে সঙ্গতি রেখে সকল ব্যাঙ্কশাখাসমূহ নোট এবং কয়েন বিনিময় সংক্রান্ত ক্ষেত্রে জনসাধারণকে উন্নততর পরিষেবা দেয়।

**2. উৎসাহভাতা**

যোজনা অনুসারে, **নোট এবং কয়েন বিনিময় সংক্রান্ত সুবিধা দেবার জন্য ব্যাঙ্কসমূহ নিম্নলিখিত আর্থিক উৎসাহভাতাগুলি পাওয়ার জন্য যোগ্যতালাভ করবে**:

| ক্র. নং. | যোজনার নাম | উৎসাহভাতা সংক্রান্ত বিষয়াদি |
|---|---|---|
| i) | অপর্যাপ্ত ব্যাঙ্কিং ব্যবস্থাভুক্ত রাজ্যে 1 লক্ষের কম জনসংখ্যাযুক্ত কেন্দ্রগুলিতে কারেন্সি চেস্ট খোলা এবং সেগুলির রক্ষণাবেক্ষণ | **a. মূলধনী মূল্যব্যয়**: কারেন্সি চেস্ট পিছু, 50 লক্ষ টাকা পর্যন্ত উর্ধসীমার সাপেক্ষে, 50% মূলধনী খরচের ব্যয়পূর্তী।উত্তর পূর্বের রাজ্যগুলিতে, 50 লক্ষ টাকা পর্যন্ত উর্ধসীমার সাপেক্ষে, 100% মূলধনী খরচ ব্যয়পূর্তীর জন্য যোগ্যতাপ্রাপ্ত বলে স্থির করা হয়েছে।<br>**b. পরিচালন মূল্যব্যয়(রেভেনিউ কস্ট)**: প্রথম 3 বছর ব্যবস্থা পরিচালন খরচের 50% ব্যয়পূর্তী। উত্তর পূর্বের রাজ্যগুলিতে, প্রথম 5 বছরের জন্য 50% মূলধনী খরচের ব্যয়পূর্তী করা হবে |
| ii) | ব্যাঙ্ক শাখার কাউন্টার মারফত ময়লা(সয়েলড) নোটের বিনিময়/ ছেঁড়াখোড়া(মিউটিলেটেড) নোটের বিচার | a. ময়লা নোটের বিনিময় – 50 টাকা মূল্যমান পর্যন্ত ময়লা নোটের বিনিময়ের ক্ষেত্রে প্যাকেটে-পিছু 2 টাকা<br><br>b. ছেঁড়াখোড়া(মিউটিলেটেড) নোটের বিচার– নোট-পিছু 2 টাকা |
| iii) | কাউন্টার মারফত কয়েন বন্টন | i. কাউন্টার মারফত প্রতিটি কয়েনের ব্যাগ বন্টনের জন্য 25 টাকা.<br><br>ii. ব্যাঙ্কের দাবি জানানোর জন্য অপেক্ষা না করে উৎসাহভাতা প্রদান করা হবে কারেন্সি চেস্ট থেকে কতটা তোলা(উইথড্রয়াল) হচ্ছে তার ভিত্তিতে।<br><br>iii. ব্যাঙ্ক একটা যাচাই এবং ন্যায়সঙ্গতি রক্ষার ব্যবস্থাপনা গড়ে তুলবে যাতে এটা নিশ্চিত করা যায় যে কয়েন ছোট ছোট গুচ্ছতে খুচরো গ্রাহকদের মধ্যেই বন্টিত হচ্ছে এবং বৃহৎ পরিমানে লেনদেন করা গ্রাহকদের(বাল্ক কাস্টমার) মধ্যে নয়। |

| | | |
|---|---|---|
| | | iv. কারেন্সি চেস্টের নিরীক্ষণ/ ব্যাঙ্কশাখায় আকস্মিক উপস্থিতি ইত্যাদির দ্বারা আরবিআই-এর আঞ্চলিক কার্যালয় কয়েন বন্টন যাচাই করবে |
| (iv) | সেইসকল যন্ত্রসমূহ স্থাপন যেগুলি জনগণকে নগদ সংক্রান্ত এইসব খুচরো পরিষেবা দেয় যেমন-<br><br>1. ক্যাশ রিসাইক্লারস;<br>2. এটিএম যেগুলি ছোট মূল্যমানের নোট প্রদান করে(যেমন 100 টাকা পর্যন্ত)<br><br>উল্লেখ্য- সেইসকল এটিএম, যেগুলি 500 টাকা বা তার অধিক মূল্যমানের নোট প্রদান করে, সেগুলি এই ব্যয়পূর্তীর জন্য যোগ্য বলে বিবেচিত হবে না | যন্ত্রগুলির জন্য ব্যয়পূর্তীর সর্বোচ্চ পরিমান হবে যেমন নিম্নে প্রদত্ত আছে–<br><br>**মেট্রো/ শহরাঞ্চলিক অঞ্চলের জন্য–**<br><br>1. ক্যাশ রিসাইক্লারস –যন্ত্রটির প্রকৃত মূল্যের 50% অথবা 2,00,000 টাকার মধ্যে যে রাশিটি কম<br><br>2. এটিএম যেগুলি ছোট মূল্যমানের নোট প্রদান করে( 100 টাকা পর্যন্ত)–যন্ত্রটির প্রকৃত মূল্যের 50% অথবা 2,00,000 টাকার মধ্যে যে রাশিটি কম<br><br>**আধা-শহরাঞ্চলিক/ গ্রামীন অঞ্চলের জন্য –**<br><br>1. ক্যাশ রিসাইক্লার– –যন্ত্রটির প্রকৃত মূল্যের 60% অথবা 2,50,000 টাকার মধ্যে যে রাশিটি কম<br><br>2. এটিএম যেগুলি ছোট মূল্যমানের নোট প্রদান করে( 100 টাকা পর্যন্ত)–যন্ত্রটির প্রকৃত মূল্যের 60% অথবা 2,50,000 টাকার মধ্যে যে রাশিটি কম |

**3. উৎসাহভাতা প্রাপ্তি সম্পর্কিত কর্মপদ্ধতিগত নির্দেশিকা-**

3.1 **প্রদর্শিত কর্মদক্ষতা ভিত্তিক উৎসাহভাতা-**

i) আরবিআই-এর নির্গম কার্যালয়ে(ইস্যু অফিস) প্রকৃত অর্থে গৃহিত ময়লা নোটের ভিত্তিতে উৎসাহভাতা প্রদান করা হবে৷ ব্যাঙ্কসমূহের এবিষয়ে কোনও পৃথক দাবি পেশ করার দরকার নেই৷ কারেন্সি চেস্ট শাখাকে, তার সঙ্গে সংযুক্ত সংশ্লিষ্ট ব্যাঙ্ক শাখাগুলিকে সেগুলির দ্বারা পেশ করা ময়লা নোটের উপর আনুপাতিক ভিত্তিতে, ঐ উৎসাহভাতা পৌঁছে দিতে হবে৷

ii) একইভাবে, আরবিআই-তে প্রেরিত ময়লা নোটের সাথে/ রেজিস্ট্রি/ ইনসিয়োর্ড পোস্ট মারফত মুখবন্ধ মোড়কে পাঠানো 'বিচারকার্য সম্পন্ন হওয়া' (অ্যাডজুডিকেটেড) নোটসমূহের জন্য উৎসাহভাতা প্রদান করা হয়। কোনও পৃথক দাবি পেশ করার প্রয়োজন নেই।

3.2 যন্ত্র বসানোর জন্য উৎসাহভাতা

i) সেইসকল ব্যাঙ্কসমূহ, যারা বিভিন্ন যন্ত্র ক্রয় করতে তৎসহ কারেন্সি চেস্ট প্রতিষ্ঠা করতে অভিপ্রায় রাখে, তারা যেকোনও বছরের পয়লা জুলাই থেকে 30 জুন এই মেয়াদের মধ্যে, যন্ত্রের বিবরণ এবং মূল্য সহ বার্ষিক পরিকল্পনা আমাদের নির্গম কার্যালয়গুলিতে ধারাবাহিক ভিত্তিতে প্রতি বছর অন্তিম তারিখ এপ্রিল 15-এর মধ্যে জমা করতে শুরু করবে। আমাদের নির্গম কার্যালয়সমূহ, পরিকল্পনাগুলি গ্রহণ অন্তে, সর্বাধিক যে রাশি ঐ বছর প্রতিটি ব্যাঙ্ককে ব্যয়পূর্তী বাবদ অনুমোদন করতে পারবে তা জানাবে।

আগত বর্ষের জন্য (অর্থাৎ জুলাই 01, 2016 থেকে জুন 30, 2017), প্রস্তাব বিশেষ বিবেচনার সাপেক্ষে অনুগ্রহ করে অন্ততঃ অন্তিম তারিখ মে 31, 2016 এর মধ্যে পেশ করতে হবে।

বর্তমান বর্ষের জন্য (জুলাই 01, 2015 থেকে জুন 30, 2016), সারকুলারের তারিখ জুন 30, 2016 থেকে মে 31, 2016 মধ্যে ব্যাঙ্কসমূহ তাদের যন্ত্র ক্রয় করার পরিকল্পনা আমাদের নির্গম কার্যালয়ের কাছে পৃথকভাবে ব্যক্ত করবে।

ii) ক্যাশ রিসাইক্লার যন্ত্র এবং ছোট মূল্যের নোট প্রদান-ক্ষমতাসম্পন্ন এটিএম বসানোর জন্য উৎসাহভাতা প্রাপ্তির দাবি, ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ত্রৈমাসিক শেষ হবার 30দিনের মধ্যে আরবিআই-এর সংশ্লিষ্ট নির্গম কার্যালয়ে সংশ্লিষ্ট ব্যাঙ্কের যোগাযোগ কার্যালয় (লিংক অফিস) মারফত জমা করতে হবে। যদিও, যন্ত্রগুলির ভেন্ডরদের প্রাপ্য অর্থ সম্পূর্ণরূপে মিটিয়ে দেবার পরই কেবলমাত্র এই দাবিগুলি পেশ করা যাবে।